

স্বাগাত্তর

তারিখ . . . 2 . . . MAY . . . 2015
পৃষ্ঠা . . . ৭ কলাম ৫

সব নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠানকে এমপিওভুক্তির দাবি

স্বাগাত্তর রিপোর্ট

দেশের সব নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠানকে এমপিওভুক্তির দাবি জানিয়েছে বাংলাদেশ বেসরকারি শিক্ষক কর্মচারী পরিষদ। বুধবার সংগঠনের দফতর সম্পাদক ফারুক বিশ্বাস স্বাক্ষরিত এক বিবৃতিতে এ দাবি জানানো হয়। বিবৃতিতে বলা হয়, বাংলাদেশ বেসরকারি শিক্ষক কর্মচারী পরিষদ দীর্ঘদিন ধরে নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তির দাবি জানিয়ে আসছে। বিবৃতিতে বলা হয়, দেশে বর্তমানে সর্বমোট ৯ হাজার ৬৭৪টি নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠান রয়েছে। এসব প্রতিষ্ঠানে ৭৭ হাজার ৯০ জন শিক্ষক, ২ হাজার ৪২২ জন কর্মচারী কর্মরত আছেন। এসব প্রতিষ্ঠানের এমপিওভুক্তিতে বার্ষিক বেতন বাবদ মোট ৯১২ কোটি ৯ লাখ ৬৯ হাজার টাকার প্রয়োজন।